

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অর্থ মন্ত্রণালয়

অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

(আবগারি)

প্রজ্ঞাপন

তারিখঃ ২১ জ্যৈষ্ঠ, ১৪২২ বঙ্গাব্দ/০৪ জুন, ২০১৫ খ্রিষ্টাব্দ

এস.আর.ও. নং-১৩০-আইন/২০১৫/৩১৫-আবগারি।- Excise and Salt Act, 1944 (Act No. I of 1944), অতঃপর উক্ত Act বলিয়া উল্লিখিত এর section 12A (1) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার উক্ত Act এর FIRST SCHEDULE এর PART-II এর SERVICE এর টেবিলের কলাম (1) এর Service Code E033.00 এর বিপরীতে কলাম (2) এ বর্ণিত সেবার ক্ষেত্রে কলাম (3) এ বর্ণিত আবগারি শুল্ক মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক ২০শে ভাদ্র ১৪১০/ ৪ঠা সেপ্টেম্বর ২০০৩ তারিখে জারীকৃত প্রজ্ঞাপন নং মুবিম/প্রঃ৩/মুক্তিযোদ্ধা/গেজেট/২০০৩/৪৭৯ অনুসারে গেজেটভুক্ত যুদ্ধাহত মুক্তিযোদ্ধাদের ক্ষেত্রে নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে মওকুফ করিল, যথাঃ-

শর্তসমূহ

- (ক) দেশের অভ্যন্তরীণ ও আন্তর্জাতিক রুটে বিনা ভাড়ায় বিমান ভ্রমণের ক্ষেত্রে বিমান বাংলাদেশ এয়ারলাইন্স লিমিটেড কর্তৃক ইস্যুকৃত টিকিটের ক্ষেত্রে;
- (খ) আবগারি শুল্ক মওকুফ করিয়া টিকিট ইস্যু করিবার পূর্বে দালিলিক তথ্যাদি যাচাইয়ের ভিত্তিতে বিমান বাংলাদেশ এয়ারলাইন্স লিমিটেড যুদ্ধাহত মুক্তিযোদ্ধাদের পরিচয়ের সঠিকতা সম্পর্কে নিশ্চিত হইবে; এবং
- (গ) প্রতি ছয় মাস অন্তর এই আবগারি শুল্ক মওকুফ সংক্রান্ত টিকিটের হিসাব জাতীয় রাজস্ব বোর্ডে দাখিল করিবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

(মোঃ নজিবুর রহমান)

সচিব